বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/২০২

তারিখঃ ০৮/০৮/২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবহাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকার বিভিন্ন ব্যাংক শাখায় স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রমসহ সান্ধ্য ব্যাংকিং চালু রাখা এবং ছুটিকালীন ব্যাংকের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৩ শ্রাবণ, ১৪২৬/ ০৭ আগস্ট, ২০১৯ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কুরবানির পশুর হাটগুলোতে প্রচুর ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কুরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক-শাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক-শাখা ব্যবহার করে কুরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। এতদ্ব্যতীত ঈদ-উল-আযহা উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা অতীব গুরুত্বপূর্ণ।

০৩। আসন্ন ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন ( ৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) কুরবানির হাটের নিকটবর্তী ব্যাংক শাখা খোলা রেখে সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম এবং সন্ধ্যা ৬:০০ টা থেকে রাত ৮:০০ টা পর্যন্ত সান্ধ্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন (৯, ১০ ১১ আগস্ট, ২০১৯) দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের যুক্তিসঙ্গত ভাতা প্রদানেরও পরামর্শ দেয়া হয়েছে।

০৪। ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৫ এবং আইটি সম্পর্কিত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার জন্য বিআরপিডি সার্কুলার নং-০৯/২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন-এর পরিপালন নিশ্চিত করতে হবে। অধিকন্তু, ঈদ-উল-আযহা'র সাধারণ ছুটিসহ পূর্বের ও পরের অন্যান্য ছুটির দিনসমূহে রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করাসহ ছুটির দিনগুলোতেও ব্যাংকের শাখা ও ভল্টের নিরাপত্তা সুনিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্যও উক্ত পত্রের মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়েছে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন ও অনুসরণের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, আসন্ন ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন ( ৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) কুরবানির হাটের নিকটবর্তী কোন্ কোন্ শাখা খোলা রাখা হবে তার একটি তালিকা বিকেবি, প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ করতঃ অত্র বিভাগকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ ১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,

০৮/০৮/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/২০২ তারিখঃ ০৮/০৮/২০১৯

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

০৮.০৮.২০১৯
( মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

২৩ শ্রাবণ ১৪২৬
তারিখ ঃ -----------------
০৭ আগস্ট ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকার বিভিন্ন ব্যাংক শাখায় স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রমসহ সান্ধ্য ব্যাংকিং চালু রাখা এবং ছুটিকালীন ব্যাংকের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কুরবানির পশুর হাটগুলোতে প্রচুর ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কুরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক-শাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক-শাখা ব্যবহার করে কুরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। এতদ্ব্যতীত ঈদ-উল-আযহা উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা অতীব গুরুত্বপূর্ণ।

২। বর্ণিত প্রেক্ষিতে, আসন্ন ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন (৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) কুরবানির হাটের নিকটবর্তী ব্যাংক শাখা খোলা রেখে সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম এবং সন্ধ্যা ৬:০০ টা থেকে রাত ৮:০০ পর্যন্ত সান্ধ্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হলো। এক্ষেত্রে ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন (৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের যুক্তিসঙ্গত ভাতা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৩। ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৫ এবং আইটি সম্পর্কিত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার জন্য বিআরপিডি সার্কুলার নং-০৯/২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন-এর পরিপালন নিশ্চিত করতে হবে। অধিকন্তু, ঈদ-উল-আযহা'র সাধারণ ছুটিসহ পূর্বের ও পরের অন্যান্য ছুটির দিনসমূহে রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করাসহ ছুটির দিনগুলোতেও ব্যাংকের শাখা ও ভল্টের নিরাপত্তা সুনিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এ,কে,এম, মহিউদ্দিন আজাদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২